গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পার-২ অধিশাখা
www.mohfw.gov.bd

নং ৪৫.১৪৩.০২২.০০.০০.০০১.২০১৬-১৫৭ তারিখঃ ০৯/০৩/২০১৭ খ্রিঃ

# বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/সার্ভিসের ৯ম থেকে ৭ম গ্রেডভুক্ত এবং নন-ক্যাডার কর্মকর্তাদের অন্তঃ বিভাগীয় বদলি নীতিমালা ২০১৭

১। এ নীতিমালা বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/সার্ভিসের ৯ম থেকে ৭ম গ্রেডভুক্ত এবং নন-ক্যাডার কর্মকর্তা/কর্মচারী অন্তঃ বিভাগীয় বদলিকরণ নীতিমালা ২০১৭ নামে অভিহিত হবে।

২। এ নীতিমালা জারীর পর হতে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/সার্ভিসের ৯ম থেকে ৭ম গ্রেডের সকল কর্মকর্তাদের অন্তঃ বিভাগীয় বদলিকরণ সংক্রান্ত কার্যক্রম সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর উপর ন্যস্ত করা হলো।

৩। ৯ম থেকে ৭ম গ্রেডভুক্ত বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/সার্ভিস এবং নন-ক্যাডার কোন কর্মকর্তা কর্মস্থলে ৩ বছর সন্তোষজনক চাকুরি সমাপনান্তে ১১ নং অনুচ্ছেদে বর্ণিত কমিটির সুপারিশের ভিত্তিতে সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) তাঁর অধিক্ষেত্রের মধ্যে মেডিকেল কলেজ/মেডিকেল কলেজ হাসপাতাল/জেলা ও উপজেলা হাসপাতাল/অন্যান্য হাসপাতাল/উপ-স্বাস্থ্য কেন্দ্রসমূহে অন্তঃ বিভাগীয় বদলি করতে পারবেন। তবে এ ক্ষেত্রে গত ১৭/০২/২০০৮ খ্রিঃ তারিখে পার-৩/নীতিমালা-০১/২০০৮/১১৬৩ এবং ২৭/০৭/২০১৪ খ্রিঃ তারিখের ৪২৮ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনে যথাক্রমে স্বাস্থ্য সার্ভিসে কর্মরত কর্মকর্তাদের বদলি/পদায়ন নীতিমালা, ২০০৮ এবং নবনিয়োগপ্রাপ্ত চিকিৎসকদের পদায়ন সম্পর্কিত নীতিমালা (সংশোধিত) কার্যকর থাকবে।

৪। বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/সার্ভিস এবং নন-ক্যাডার কোন কর্মকর্তার বিরুদ্ধে কোন অভিযোগ উত্থাপিত হলে প্রাথমিক সত্যতার ভিত্তিতে ১১ নং অনুচ্ছেদে বর্ণিত কমিটির সুপারিশক্রমে নির্ধারিত সময়সীমা অর্থাৎ ৩ বছর অতিক্রান্ত হবার পূর্বেই বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রত্যাহার করে অন্তঃ বিভাগীয় বদলি করতে পারবেন অথবা ভিন্নরুপ কোন সিদ্ধান্ত প্রদান করতে পারবেন।

৫। জনস্বার্থে ৪ নং অনুচ্ছেদে বর্ণিত নীতিমালার ব্যত্যয় ঘটিয়ে ১১ নং অনুচ্ছেদে বর্ণিত কমিটির সুপারিশের ভিত্তিতে যে কোন কর্মকর্তাকে অন্তঃ বিভাগীয় বদলি করতে পারবে।

৬। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) তার নিজ নিজ অধিক্ষেত্রে কর্মরত কর্মকর্তাদের মেধার যথাযথ মূল্যায়ন করে ১১ নং অনুচ্ছেদে বর্ণিত কমিটির সুপারিশের ভিত্তিতে তুলনামূলকভাবে সুবিধাজনক স্থানে অন্তঃ বদলি করতে পারবেন।

৭। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) পার্বত্য জেলাসমূহে এবং দূর্গম জেলাসমূহে এরুপ বদলি/পদায়নের ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত পদায়ন নীতিমালা অনুসরণ করবেন।

৮। ৯ম থেকে ৭ম গ্রেডভুক্ত বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/সার্ভিস এবং নন-ক্যাডার এর যে সকল কর্মকর্তা বিভাগীয় পর্যায়ে প্রেষণে কর্মরত আছেন তাদের প্রেষণাদেশ সমাপনান্তে ঐ বিভাগেই ন্যস্ত হবেন। তাছাড়া স্বাস্থ্য অধিপ্তরের আদেশে যে সকল কর্মকর্তা বিভাগীয় পর্যায়ে কোন স্বাস্থ্য প্রতিষ্ঠানে সংযুক্তিতে কর্মরত আছেন এ নীতিমালা জারীর পর থেকে এরুপ সংযুক্তি প্রত্যাহার/বহাল সম্পর্কিত সিদ্ধান্ত ১১ নং অনুচ্ছেদে গঠিত কমিটি প্রদান করবে।

৯। ২য় শ্রেণীর কর্মকর্তাগণের বদলি/পদায়নের ক্ষেত্রে কোন কর্মস্থলে ৩ বছর বা ততোধিক সময় সন্তোষজনক চাকুরি সমাপান্তে সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) তাঁর অধিক্ষেত্রের মধ্যে জেলা/উপজেলা/উপ-স্বাস্থ্য কেন্দ্রসমূহে অন্তঃ বিভাগীয় বদলি করতে পারবে। তবে কোন কর্মকর্তার বিরুদ্ধে কোন অভিযোগ উত্থাপিত হলে প্রাথমিক সত্যতা সাপেক্ষে নির্ধারিত সময়সীমা অর্থাৎ ৩ বছর অতিক্রান্ত হবার পূর্বেই বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রত্যাহার করে অন্তঃ বিভাগীয় বদলি করতে পারবেন অথবা ভিন্নরুপ কোন সিদ্ধান্ত প্রদান করতে পারবেন।

১০। স্বাস্থ্য অধিদপ্তর নিজস্ব ক্ষমতাবলে যে কোন সময় বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/সার্ভিস/নন-ক্যাডারে ৯ম থেকে ৭ম গ্রেডের কর্মকর্তাসহ ২য় শ্রেণীর কর্মকর্তাকে দেশের অভ্যন্তরে যে কোন স্বাস্থ্য প্রতিষ্ঠানে বদলি করতে পারবেন। তবে এ নীতিমালায় যাহাই থাক না কেন এরুপ বদলি ও পদায়নের ক্ষেত্রে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সহজাত ক্ষমতা (Inherent Power) বহাল থাকবে।



D:\New Per-2\Posting Rules-2017.docx

১১। ৯ম থেকে ৭ম গ্রেডের কর্মকর্তাদের অন্তঃ বিভাগীয় বদলির সুপারিশ প্রণয়নের জন্য বিভাগীয় পর্যায়ে নিম্নরুপভাবে কমিটি গঠন করা হলোঃ

**কমিটির গঠনঃ**

| | | |
|---|---|---|
| বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) | - | সভাপতি |
| বিভাগীয় সদর জেলার সিভিল সার্জন | - | সদস্য |
| প্রতিনিধি, মেডিকেল কলেজ (স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| প্রতিনিধি, মেডিকেল কলেজ হাসপাতাল (স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| সহকারী পরিচালক (প্রশাসন), বিভাগীয় পরিচালক( স্বাস্থ্য) | - | সদস্য সচিব |

১২। কমিটির কার্যপরিধিঃ

(ক) কমিটি মাসে ১ (এক) বার এবং প্রয়োজনে একাধিকবার সভায় মিলিত হয়ে বিভাগের আওতাধীন ৯ম থেকে ৭ম গ্রেডের সকল কর্মকর্তার অন্তঃ বিভাগীয় বদলির সুপারিশ করবেন।

(খ) কমিটিকে এরুপ বদলির সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানের মধ্যে কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজন মোতাবেক সংখ্যায় ভারসাম্য বজায় রাখতে হবে।

১৩। অন্তঃ বিভাগীয় বদলীর আবেদন ১১ অনুচ্ছেদে বর্ণিত কমিটির সুপারিশসহ মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর বরাবরে প্রেরণ করতে হবে।

১৪। সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এরুপ অন্তঃ বিভাগীয় বদলি কার্যক্রম নিয়মিত আবিশ্যিকভাবে স্বাস্থ্য অধিদপ্তরকে অবহিত করবেন।

স্বাক্ষরিত/-
(মোঃ সিরাজুল ইসলাম)
সচিব

নং ৪৫.১৪৩.০২২.০০.০০.০০১.২০১৬-১৫৭/১(২০০)

তারিখঃ ০৯/০৩/২০১৭ খ্রিঃ

বিতরণঃ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে)

০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তাঁকে কমিটি গঠন সংক্রান্ত সকল প্রতিষ্ঠান প্রধানের নিকট নীতিমালাটি পৃষ্ঠাঙ্কনপূর্বক অবহিতর করার অনুরোধসহ)।
০২। অধ্যক্ষ, মেডিকেল কলেজ (সকল )।
০৩। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল) ।
০৪। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), বিভাগ (সকল)।
০৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নীতিমালাটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

০১। সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে তাঁর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০২। অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে তাঁর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৩। অফিস কপি।

(এ কে এম ফজলুল হক)
যুগ্ম-সচিব (পার-২)
০৯/০৩/২০১৭



D:\New Per-2\Posting Rules-2017.docx